প্রথম আলো

11 JAN 2009

তারিখ ..................

পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# হল দখল নিয়ে ঢাকা কলেজে ছাত্রলীগের দুই গ্রুপে সংঘর্ষ

নিজস্ব প্রতিবেদক

ঢাকা কলেজের ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে অন্তত পাঁচজন আহত হয়েছে। গতকাল শনিবার রাতে এ ঘটনা ঘটে।

পুলিশ সূত্র জানায়, গতকাল রাত সাড়ে ১০টার দিকে ঢাকা কলেজের নর্থ ও সাউথ হলের দখল নিয়ে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে ব্যাপক ধাওয়া-পাল্টাধাওয়া ও সংঘর্ষ হয়। সংঘর্ষকালে উভয় পক্ষ লাঠিসোটা ও ইট ব্যবহার করে। এতে উভয় পক্ষের অন্তত পাঁচজন ছাত্র আহত হন বলে পুলিশ জানিয়েছে। রাত সাড়ে ১২টায় প্রতিবেদন লেখার সময় উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ চলছিল।

রাত সাড়ে ১২টায় যোগাযোগ করা হলে ঘটনাস্থলে উপস্থিত রমনা বিভাগের পুলিশের উপকমিশনার মো. আতিকুল ইসলাম *প্রথম আলোকে* জানান, ছাত্রদের দুই পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া চলছে। সংঘর্ষ শেষ না হওয়া পর্যন্ত আহতের প্রকৃত সংখ্যা নিশ্চিত করে বলা যাচ্ছে না।